# জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়, ঢাকা।
www.janatabank-bd.com

ফরেন ট্রেড ডিপার্টমেন্ট-ইম্পোর্ট

ফোনঃ ২২৩৩৮১২৬৬, ৫৫১১০০০২, ৫৫১১০০০৪

এফডি সার্কুলার লেটার নং- ৪৩১

তারিখঃ ২৬/১০/২৫ইং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল এডি শাখা।

বিষয়ঃ ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

জনাব,

শিরোনামীয় বিষয়ে বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা কর্তৃক জারীকৃত এফই সার্কুলার পত্র নম্বর-৩৩ তারিখঃ ১৩ অক্টোবর, ২০২৫ এর মাধ্যমে ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনা সম্পর্কিত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয় (অপর পৃষ্ঠায় মুদ্রিত)ঃ

উদ্ধৃত

শিরোনামোক্ত বিষয়ে আগস্ট ১৪, ২০২৫ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং- ৩৩ এর পার্ট-সি তে ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনা বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। প্রচলিত আমদানি নীতি আদেশ অনুযায়ী ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় মূল্যসীমা নির্বিশেষে শিল্প আমদানিকারক কাঁচামাল, ক্যাপিটাল মেশিনারি ও ফায়ার ডোর আমদানির জন্য প্রাধিকার প্রাপ্ত; তবে বাণিজ্যিক আমদানি নির্ধারিত মূল্য সীমার মধ্যে রাখতে হবে। এফই সার্কুলার নং- ৩৩/২০২৫-এর অনুচ্ছেদ ৩৪(৪) ও ৩৫ এবং পরবর্তী প্রাসংগিক সার্কুলার অনুযায়ী বিলম্ব মূল্য পরিশোধ সুবিধা প্রযোজ্য রয়েছে।

০৩। বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আমদানিকারককে মনোনীত অনুমোদিত ডিলারের নিকট ক্রয়/বিক্রয় চুক্তি (প্রোফর্মা ইনভয়েস) দাখিল করতে হয়। এফই সার্কুলার নং- ৩৩/২০২৫-এর অনুচ্ছেদ ৩৪(১)(ক) অনুযায়ী অনুমোদিত ডিলার ব্যাংক তা বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করবে। প্রচলিত এলসি পদ্ধতিতে আমদানি মূল্য নিস্পত্তির জন্য অনুমোদিত ডিলার আমদানিকারকের উপর এক্সপোজার গ্রহণ করে থাকে। তবে ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার আমদানিকারকের উপর কোন এক্সপোজার বা ক্রেডিট লাইন ছাড়াই ইউনিফর্ম রুলস ফর কালেকশনস (ইউআরসি) অনুযায়ী ডকুমেন্টারি কালেকশন সেবা প্রদান করতে পারে।

উপরোক্ত প্রেক্ষাপটে এফই সার্কুলার নং- ৩৩/২০২৫-এ বর্ণিত বিধানাবলি পরিপালন সাপেক্ষে আমদানিকারকের উপর এক্সপোজার ব্যতিরেকে ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় প্রযোজ্য আমদানি কার্যক্রম পরিচালনার জন্য আমদানিকারকদেরকে প্রয়োজনীয় নির্দেশনা ও সহযোগিতা প্রদানের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুদ্ধৃত

এ অবস্থায়, এফই সার্কুলার পত্র নম্বর-৩৩ তারিখঃ ১৩ অক্টোবর, ২০২৫ মোতাবেক ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনা সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা যথাযথভাবে পরিপালন/বাস্তবায়নের জন্য এডি শাখাসহ সংশ্লিষ্ট বিভাগ/কার্যালয় সমূহকে পরামর্শ প্রদান করা হলো।

(মোঃ মামুন-অর-রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

(মেহের সুলতানা)
মহাব্যবস্থাপক

পরিশিষ্ট-'ক'


**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd


এফই সার্কুলার পত্র নম্বর-৩৩

তারিখ : আশ্বিন ২৮, ১৪৩২ / অক্টোবর ১৩, ২০২৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

<u>ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে</u>

শিরোনামোক্ত বিষয়ে আগস্ট ১৪, ২০২৫ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ৩৩ এর পার্ট-সি তে ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনা বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। প্রচলিত আমদানি নীতি আদেশ অনুযায়ী ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় মূল্যসীমা নির্বিশেষে শিল্প আমদানিকারক কাঁচামাল, ক্যাপিটাল মেশিনারি ও ফায়ার ডোর আমদানির জন্য প্রাধিকার প্রাপ্ত; তবে বাণিজ্যিক আমদানি নির্ধারিত মূল্য সীমার মধ্যে রাখতে হবে। এফই সার্কুলার নং ৩৩/২০২৫ এর অনুচ্ছেদ ৩৪(৪) ও ৩৫ এবং পরবর্তী প্রাসংগিক সার্কুলার অনুযায়ী বিলম্ব মূল্য পরিশোধ সুবিধা প্রযোজ্য রয়েছে।

০৩। বিদ্যমান বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থায় ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আমদানিকারককে মনোনীত অনুমোদিত ডিলারের নিকট ক্রয়/বিক্রয় চুক্তি (প্রোফর্মা ইনভয়েস) দাখিল করতে হয়। এফই সার্কুলার নং ৩৩/২০২৫-এর অনুচ্ছেদ ৩৪(১)(ক) অনুযায়ী অনুমোদিত ডিলার ব্যাংক তা বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করবে। প্রচলিত এলসি পদ্ধতিতে আমদানি মূল্য নিষ্পত্তির জন্য অনুমোদিত ডিলার আমদানিকারকের উপর এক্সপোজার গ্রহণ করে থাকে। তবে ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় আমদানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার আমদানিকারকের উপর কোনো এক্সপোজার বা ক্রেডিট লাইন ছাড়াই ইউনিফর্ম রুলস ফর কালেকশনস (ইউআরসি) অনুযায়ী ডকুমেন্টারি কালেকশন সেবা প্রদান করতে পারে।

উপরোক্ত প্রেক্ষাপটে এফই সার্কুলার নং ৩৩/২০২৫-এ বর্ণিত বিধানাবলি পরিপালন সাপেক্ষে আমদানিকারকের উপর এক্সপোজার ব্যতিরেকে ক্রয়/বিক্রয় চুক্তির আওতায় প্রযোজ্য আমদানি কার্যক্রম পরিচালনার জন্য আমদানিকারকদেরকে প্রয়োজনীয় নির্দেশনা ও সহযোগিতা প্রদানের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩